

এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু ৩০ এপ্রিল

নিজস্ব প্রতিবেদক

৩১ জানুয়ারি ২০২৩ ১২:০০ এএম | আপডেট: ৩০ জানুয়ারি ২০২৩

১১:৪১ পিএম

বাংলাদেশ মামলা
আমাদের মামলা

advertisement

চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে আগামী ৩০ এপ্রিল। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান তপন কুমার সরকার গতকাল এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, গত বছরের মতো পুনর্বিন্যাস করা সিলেবাসেই নেওয়া হবে এ পরীক্ষা। অন্যদিকে উচ্চমাধ্যমিক ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে জুনে।

advertisement

সাধারণত এসএসসি পরীক্ষা ফেব্রুয়ারির শুরুতে ও এইচএসসি পরীক্ষা এপ্রিলের শুরুতে হতো। কিন্তু করোনার সংক্রমণ পরিস্থিতির কারণে ২০২০ সালের মার্চ থেকে পুরো

advertisement 4

শিক্ষাপঞ্জি এলোমেলো হয়ে গেছে। পরীক্ষার এ পরিস্থিতি স্বাভাবিক হতে আগামী বছর পর্যন্ত লেগে
যেতে পারে। পরীক্ষা শুরুর আগে সংবাদ সম্মেলন করে শিক্ষামন্ত্রী দীপু মনি পরীক্ষা সম্পর্কিত
বিস্তারিত তথ্য জনিয়ে দেবেন।